



প্রবাসী শ্রমিকদের সম্মান নিশ্চিত করার আহ্বান জামায়াত আমিরের



শ্রমিক সমাবেশে বক্তব্য দিচ্ছেন জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: জিডিও থেকে নেওয়া

দেশের অর্থনীতিতে প্রবাসী শ্রমিকদের অবদানকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে তাদের যথাযথ সম্মান ও সুরক্ষা নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

শুক্রবার (১ মে) বিকেলে রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের দক্ষিণ গেটে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের আয়োজিত শ্রমিক সমাবেশে তিনি এ কথা বলেন। তিনি বলেন, শ্রমিক ও মালিকের সম্পর্ক হওয়া উচিত পারস্পরিক শ্রদ্ধা ও মর্যাদার ভিত্তিতে। কোনো পক্ষই যদি অন্যায়ভাবে বঞ্চিত হয়, তবে তার প্রভাব দুই পক্ষের ওপরই পড়ে। তাই ন্যায্যতা বজায় রাখাই টেকসই অর্থনীতির মূল শর্ত।

প্রবাসী শ্রমিকদের দুর্দশার চিত্র তুলে ধরে তিনি বলেন, যারা জীবনের ঝুঁকি নিয়ে বিদেশে যান, তাদের অনেকেই মানবতের পরিস্থিতিতে জীবনযাপন করেন। অল্প জায়গায় ভাগাভাগি করে থাকতে হয়, আবার উপার্জনের বড় অংশ ত্যাগ করে দেশে অর্থ পাঠান। অথচ তাদের যথাযথ সম্মান ও নিরাপত্তা অনেক ক্ষেত্রেই নিশ্চিত করা হয় না।

ডা. শফিকুর রহমান আরও অভিযোগ করেন, পাসপোর্ট নবায়নসহ বিভিন্ন প্রশাসনিক কাজে প্রবাসীরা দালাল চক্রের হয়রানির শিকার হন। বিদেশে কর্মস্থল হারালে অনেক সময় রাষ্ট্রীয় সহায়তা থেকেও তারা বঞ্চিত থাকেন। তিনি এ পরিস্থিতির পরিবর্তন ঘটিয়ে রেমিট্যান্স কর্মীদের প্রকৃত অর্থেই মর্যাদাসম্পন্ন নাগরিক হিসেবে প্রতিষ্ঠার আহ্বান জানান।